**শেরিল লরেন্স (Cheryl Lawrence), MD, FAAP**
*মেডিক্যাল ডিরেক্টর*

**অফিস অভ স্কুল হেলথ্**
**30-30 47th Ave.**
**Long Island City, NY 11101**

অগাস্ট 2025

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক,

নিউ ইয়র্ক সিটি 2025-2026 শিক্ষা বছরের জন্য স্কুলের ইমিউনাইজেশনের (প্রতিষেধক গ্রহণের) শর্তাবলী হালনাগাদ করেছে। 2025-2026 শিক্ষা বছরের জন্য টিকা (ভ্যাকসিন) গ্রহণের শর্তাবলীর একটি তালিকা এই চিঠির সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে। টিকা (ভ্যাকসিন) গ্রহণ ছেলেমেয়েদের রোগাক্রান্ত হওয়া ও রোগ ছড়ানো থেকে রক্ষা করে এবং স্কুলে অংশগ্রহণে তাদের জন্য সেগুলো আবশ্যক। শিক্ষা বছর শুরুর আগে আপনাকে অবশ্যই আপনার চাইল্ডকেয়ার বা স্কুলে অংশগ্রহণকারী সন্তানের ইমিউনাইজেশনের (প্রতিষেধক গ্রহণ) প্রমাণ অথবা প্রতেষেধকযুক্ত তা প্রদর্শনকারী রক্ত পরীক্ষার ফলাফল জমা দিতে হবে।

**চাইল্ড কেয়ার থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীদের** অবশ্যই ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস (DTaP); পোলিওভাইরাস (IPV অথবা OPV, কিন্তু যদি OPV 1 এপ্রিল, 2016-এর পরে হয় তবে গণ্য হবে না); মিজলস, মাম্পস ও রুবেলা (MMR); ভেরিসেলা; এবং হেপাটাইটিস বি টিকা (ভ্যাকসিন) গ্রহণের শর্তাবলী পূরণ করতে হবে।

**5 বছরের কম বয়সী যেসব ছেলেমেয়ে চাইল্ড কেয়ার ও প্রি-কিন্ডারগার্টেনে এনরোল বা নথিভুক্ত আছে** তাদের অবশ্যই ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) টিকা বা ভ্যাকসিন (31 ডিসেম্বর, 2025-এর মধ্যে, কিন্তু যখন এটা ফল বা হেমন্তের শুরুতে লভ্য হয় তখন হলে ভালো হয়) এবং *হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা* টাইপ b (Hib) ও নিউমোকক্কাল কনজুগেট (PCV) টিকা বা ভ্যাকসিন গ্রহণের শর্তাবলী অবশ্যই পূরণ করতে হবে।

**ষষ্ঠ (6) থেকে দ্বাদশ (12) গ্রেডের শিক্ষার্থীদের** অবশ্যই টিটেনাস, ডিপথেরিয়া এবং পারটুসিস (Tdap) বুস্টার এবং মেনিনগোকক্কাল কনজুগেট (MenACWY) টিকা বা ভ্যাকসিন দেয়ার শর্তাবলী পূরণ করতে হবে।

যেসব রক্ত পরীক্ষা দেহে MMR, ভেরিসেলা অথবা হেপাটাইটিস B-এর প্রতিরোধ প্রদর্শন করে সেগুলোও শর্তাবলী পূরণ করে (শুধু 2019-এর সেপ্টেম্বরের আগে ল্যাব টেস্ট করা হয়ে থাকলে এবং 1, 2, 3 সবগুলো সেরোটাইপে পোলিও প্রতিরোধ ক্ষমতা প্রদর্শিত হয়, তাহলে গৃহীত হবে)।

এই গ্রীষ্মে বা সামারে একটু সময় নিয়ে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে আপনার সন্তানের ইমিউনাইজেশনের (প্রতিষেধক গ্রহণের) ইতিহাস পর্যালোচনা করুন। আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারীরা আপনাকে চাইল্ড কেয়ারে অথবা স্কুলে অংশগ্রহণ করতে এক বা একাধিক ভ্যাকসিন বা টিকার অতিরিক্ত ডোজের প্রয়োজন কিনা জানাবেন।

**দ্রষ্টব্য**: আপনার সন্তান যদি টিকা বা ইমিউনাইজেশন ডোজ ন্যূনতম বয়সের আগে গ্রহণ করে থাকে (অতিরিক্ত আগে), তাহলে সেই ডোজগুলো প্রয়োজনীয় সংখ্যক ডোজের অংশ হিসেবে গণ্য হবে না।

এই 2025-2026 ভ্যাকসিন বা টিকাগুলো গ্রহণের শর্তাবলী সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে আপনার সন্তানের চাইল্ড কেয়ার সেন্টার অথবা স্কুলের প্রশাসনিক বা অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসের সাথে যোগাযোগ করুন।

আন্তরিকভাবে,

Cheryl Lawrence

শেরিল লরেন্স (Cheryl Lawrence), MD, FAAP
মেডিক্যাল ডিরেক্টর
অফিস অভ স্কুল হেলথ্

# আপনার সন্তান কি চাইল্ড কেয়ার অথবা স্কুলের জন্য প্রস্তুত?



## নিউ ইয়র্ক সিটির আবশ্যক ভ্যাকসিনেশন বা টিকা গ্রহণ সম্পর্কে জানুন।

নিউ ইয়র্ক সিটির 2 মাস থেকে 18 বছর বয়সী সকল শিক্ষার্থীকে চাইল্ড কেয়ার অথবা স্কুলে যাবার জন্য উল্লেখিত টিকাগুলো নিতে হবে। এই শিক্ষা বছর আপনার সন্তানের গ্রেড স্তরের ভিত্তিতে তার টিকার চাহিদাগুলো পর্যালোচনা করুন। নিচের চার্টটি বৈধ ডোজের আবশ্যক সংখ্যা প্রদর্শন করছে। আপনার সন্তানের কতগুলো টিকা আবশ্যক হবে সেটা তার বয়স এবং এর আগে সে যেসব টিকা নিয়েছে তার ভিত্তিতে ভিন্ন হতে পারে। আপনার সন্তানের বাড়তি টিকা (ভ্যাকসিন) অথবা টিকার ডোজ প্রয়োজন হতে পারে যদি তার বিশেষ কোনো স্বাস্থ্যগত অবস্থা থাকে অথবা বিগত ডোজসমূহ অতিরিক্ত আগে দেয়া হয়ে থাকে (বৈধ নয়); যদি 1 এপ্রিল, 2016 তারিখের পর OPV গণ্য হবে না। যেসব রক্ত পরীক্ষা দেহে মিজলস্, মাম্পস্ ও রুবেলা, ভেরিসেলা, অথবা হেপাটাইটিস B থেকে প্রতিরোধ প্রদর্শন করে সেগুলোও শর্তাবলী পূরণ করে (দেহে পোলিও রোগ প্রতিরোধ ক্ষমতা গৃহীত হবে, যদি 3-টি সেরোটাইপের 1. 2, 3 -এর সবগুলোতে প্রতিরোধ ক্ষমতা প্রদর্শিত হয় এবং 2019-এর সেপ্টেম্বরের আগে ল্যাব টেস্ট করা হয়ে থাকে)।

| টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) | চাইল্ড কেয়ার, হেড স্টার্ট, নার্সারি, 3-K অথবা প্রি-কিন্ডারগার্টেন | কিন্ডারগার্টেন থেকে 5 গ্রেড | 6 থেকে 11 গ্রেড | 12 গ্রেড |
|---|---|---|---|---|
| ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস (DTaP) | **চারটি ডোজ** | **পাঁচটি ডোজ** (অথবা **চারটি ডোজ** যদি চতুর্থটি 4 বা এরচেয়ে বেশি বয়সে নিয়ে থাকে, অথবা **তিনটি ডোজ** শুধুমাত্র যদি শিক্ষার্থীর বয়স 7 বছর অথবা তার অধিক বয়সী হয় এবং সিরিজটি 1 বছর অথবা তার অধিক বয়সে শুরু হয়ে থাকে) | **তিনটি ডোজ** | |
| টিটেনাস, ডিপথেরিয়া ও পারটুসিস (Tdap) বুস্টার | | | **একটি ডোজ** (11 বা এরচেয়ে বেশি বয়সে যখন 6 থেকে 12 গ্রেডে প্রবেশ করছে এবং 11 বছর বয়স পর্যন্ত শর্ত পূরণ করা হয়েছে, তখন আবশ্যক) | |
| পোলিও (IPV অথবা OPV, যদি 1 এপ্রিল, 2016 তারিখের আগে হয়) | **তিনটি ডোজ** | **চারটি ডোজ** (অথবা **তিনটি ডোজ** যদি 4 বা এরচেয়ে বেশি বয়সে নিয়ে থাকে) | | |
| মিজলস, মামস্ ও রুবেলা (MMR) | **একটি ডোজ** | **দুইটি ডোজ** | | |
| হেপাটাইটিস B | **তিনটি ডোজ** | **তিনটি ডোজ** | **তিনটি ডোজ** (অথবা **প্রাপ্ত-বয়স্কদের হেপাটাইটিস B ভ্যাকসিন বা টিকার দুইটি ডোজ**, রিকম্বিভ্যাক্স HB, যদি 11 থেকে 15 বছরের মধ্যে অন্তত চার মাসের ব্যবধানের নেয়া হয়ে থাকে) | |
| ভ্যারিসেলা (জলবসন্ত বা চিকেনপক্স) | **একটি ডোজ** | **দুইটি ডোজ** | | |
| মেনিনজোকক্কাল কনজুগেট (MenACWY) | | | **6 গ্রেড:** প্রযোজ্য নয় **7 থেকে 11 গ্রেড:** একটি ডোজ | **12 গ্রেড: দুইটি ডোজ** (অথবা **একটি ডোজ** যদি প্রথম ডোজটি 16 অথবা এরচেয়ে বেশি বয়সে গ্রহণ করা হয়ে থাকে) |
| হেমোফিলাস ইনফ্লুয়েনজা টাইপ b কনজুগেট (Hib) | **এক থেকে চারটি ডোজ** (সন্তানের বয়সের ভিত্তিতে এবং সে পূর্বে গ্রহণ করেনি) | | | |
| নিউমোকক্কাল কনজুগেট (PCV) | **এক থেকে চারটি ডোজ** (শিক্ষার্থীর বয়স এবং ডোজগুলো সে পূর্বে নিয়েছে কিনা তার উপর নির্ভর করে) | | | |
| ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) | **একটি ডোজ** (দ্বিতীয় (2) ডোজ যদি প্রয়োজন হয়, তবে স্কুলে উপস্থিতির জন্য বাধ্যতামূলক নয়) | | | |

কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে আলাপ করুন।
আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/health -এ 'student vaccines' **(শিক্ষার্থীর টিকাসমূহ)** খোঁজ বা সার্চ করুন।

NYC Public Schools | Health Department
Office of School Health